ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.০৬৬.২০-১২ তারিখ: ২৬পৌষ ১৪২৭ / ১০জানুয়ারি ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের বিগত ২১ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.৩৩৫.২০১৪-১১০৭ নম্বর স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা, ২০১৯ অনুসারে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | বেতন স্কেল (২০১৫) | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সিস্টেম এনালিস্ট | ১ | ৪০ বৎসর | ৪৩০০০-৬৯৮৫০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি, সমাজতত্ত্ব বা ব্যবসায় প্রশাসনে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্ট ফর প্রোগ্রামিং এ উত্তীর্ণ হতে হবে;<br>(গ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ২. | প্রোগ্রামার | ১ | ৩৫ বৎসর | ৩৫৫০০-৬৭০১০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, গণিত, পরিসংখ্যান, বাণিজ্য, অর্থনীতি, সমাজতত্ত্ব বা ব্যবসায় প্রশাসনে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্ট ফর প্রোগ্রামিং এ উত্তীর্ণ হতে হবে; এবং<br>(গ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | গ্রহণযোগ্য নয়। |
| ৩. | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | ১ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ৪. | তথ্য কর্মকর্তা | ১ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সাংবাদিকতা বা ইংরেজী সাহিত্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৫. | ভেটেরিনারী কর্মকর্তা | ৫ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশু চিকিৎসা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) ভেটেরিনারী কাউন্সিল এর রেজিস্ট্রেশন প্রাপ্ত। |
| ৬. | সহকারী নগর পরিকল্পনাবিদ | ১ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নগর ও অঞ্চল পরিকল্পনা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) জিআইএস বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞতা। |
| ৭. | সহকারী ব্যবস্থাপক (বাস টার্মিনাল) | ২ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৮. | সহকারী আইন কর্মকর্তা | ১ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে আইন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ বার কাউন্সিলের তালিকাভূক্ত আইনজীবী হিসাবে আইন পেশায় অভিজ্ঞতাসম্পন্ন; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৯. | সমাজকল্যাণ কর্মকর্তা | ৩ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান অনুষদের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ১০. | উপকর কর্মকর্তা | ৩ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ১১. | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ১ | ৩০ বৎসর | ২২০০০-৫৩০৬০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিদ্যুৎ প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১২. | সহকারী ভান্ডার ও ক্রয় কর্মকর্তা | ১ | ৩০ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ১৩. | উপ-সহকারী প্রকৌশলী (পুর) | ৮ | ৩০ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | কোনো স্বীকৃত কারিগরি ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে পুর কৌশলে ডিপ্লোমা। |
| ১৪. | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ২ | ৩০ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | কোনো স্বীকৃত কারিগরি ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে বিদ্যুৎ প্রকৌশলে ডিপ্লোমা। |
| ১৫. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ৩ | ৩০ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | কোনো স্বীকৃত কারিগরি ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে যান্ত্রিক, পাওয়ার বা অটোমোবাইল প্রকৌশলে ডিপ্লোমা। |
| ১৬. | নিরাপত্তা কর্মকর্তা | ১ | ৪৫ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রতিরক্ষা বাহিনীর জুনিয়র কমিশন্ড অফিসার বা সার্জেন্ট পদে ১০(দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মচারী; এবং<br>(গ) সুঠাম দেহের অধিকারী হতে হবে। |
| ১৭. | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ২ | ৩০ বৎসর | ১৬০০০-৩৮৬৪০/- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৮. | ফুড এন্ড স্যানিটেশন কর্মকর্তা | ২ | ৩০ বৎসর | ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে মেডিক্যাল টেকনোলজি (স্যানিটারী ইন্সপেক্টরশীপ) বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ১৯. | স্বাস্থ্য পরিদর্শক | ৩ | ৩০ বৎসর | ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে মেডিক্যাল টেকনোলজি (স্যানিটারী ইন্সপেক্টরশীপ) বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১. ০৮/০২/২০২১ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ছকে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে। বিজ্ঞপ্তির ২ নং কলামের ৩ হতে ১৫, ১৭, ১৮ ও ১৯ নং পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dncc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১২/০১/২০২১ খ্রিঃ, সকাল ১০.০০ টা।

(ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৮/২/২০২১ খ্রিঃ, বিকাল ৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে User ID নম্বর লেখা থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে বিজ্ঞপ্তির ২ নং কলামের ১ হতে ১১ নং পদের জন্য Teletalk এর চার্জসহ ১১২০/- (এক হাজার একশত বিশ টাকা), ১২ হতে ১৭ নং পদের জন্য ৭৮৪/- (সাতশত চুরাশি টাকা) এবং ১৮ হতে ১৯ নং পদের জন্য ৫৬০/- (পাঁচশত ষাট টাকা) পরীক্ষার ফি বাবদ অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: DNCC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: DNCC< space>ABCDEF**

Reply: Applicant's Name, Tk- 1120/560 Will be charged as application fee. Your pin is 12345678. To pay fee Type DNCC<space>yes<space> pin and send to 16222.

দ্বিতীয় SMS: DNCC <space>yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example: DNCC YES 12345678**
Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for DNCC Application for post........................User ID is (ABCDEF) and password (XXXXXXXXX).

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dncc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।**

ছ. **SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DNCC <space>Help<space>User<space>User ID and Send to 16222.
Example: DNCC Help User ABCDEF & send to 16222

(ii) Pin Number জানা থাকলে DNCC <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222.
Example: DNCC Help PIN 12345678 & send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যেকোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-১-৬) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৫. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

৬. Online- এ পূরণকৃত ছবিসহ আবেদনপত্রের কপি (Applicant's copy)

৫. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ডিএনসিসি'র ওয়েবসাইটে পাওয়া যাবে।

৬. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ২ নং কলামের ১ হতে ১১ নং পদের জন্য Teletalk এর চার্জসহ ১১২০/- (এক হাজার একশত বিশ টাকা), ১২ হতে ১৭ নং পদের জন্য ৭৮৪/- (সাতশত চুরাশি টাকা) এবং ১৮ হতে ১৯ নং পদের জন্য ৫৬০/- (পাঁচশত ষাট টাকা) Teletalk pre-paid mobile ব্যবহার করে প্রদান করতে হবে।

১০. লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১০/০/২১

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)
সচিব
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান, ঢাকা-১২১২।

২। বিভাগীয় প্রধান (সকল)......................................................., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল..........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি কমপক্ষে ০২ (দুই)টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।

৭। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯। ম্যানেজার [VAS), ডিপার্টমেন্ট: মার্কেটিং এন্ড VAS, টেলিটক বাংলাদেশ লিমিটেড (এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলি ওয়েবসাইটে (http://dncc.teletalk.com.bd) প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) (বিষয়টি জরুরি)]

১০। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।